# পরিকল্পনা কমিশন

পরিকল্পনা কমিশনের আওতায় মোট ৬টি বিভাগ রয়েছে। বিভাগসমূহ হচ্ছে- সাধারণ অর্থনীতি বিভাগ; কার্যক্রম বিভাগ; আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ; কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ; শিল্প ও শক্তি বিভাগ এবং ভৌত অবকাঠামো বিভাগ।

## সাধারণ অর্থনীতি বিভাগ

পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের আওতায় মাল্টি সেক্টরাল ইস্যুজ ও সমন্বয় অনুবিভাগ, দারিদ্র্য বিশ্লেষণ ও পরিবীক্ষণ অনুবিভাগ, সামষ্টিক ও প্রেক্ষিত পরিকল্পনা অনুবিভাগ, রাজস্ব ও মুদ্রানীতি অনুবিভাগ, আন্তর্জাতিক অর্থনীতি অনুবিভাগ সহ মোট ৫টি অনুবিভাগ রয়েছে।

### সাধারণ অর্থনীতি বিভাগের কার্যপরিধি

১. সরকারের দীর্ঘমেয়াদি পরিকল্পনা যেমন: বাংলাদেশ ডেল্টা প্লান- ২১০০, প্রেক্ষিত পরিকল্পনা প্রণয়ন;

২. সরকারের মধ্যমেয়াদি (পঞ্চবার্ষিক পরিকল্পনা) পরিকল্পনা প্রণয়ন;

৩. পঞ্চবার্ষিক পরিকল্পনা ও প্রেক্ষিত পরিকল্পনার আলোকে টেকসই উন্নয়ন অভীষ্ট-এর লক্ষ্যমাত্রা অর্জন পর্যালোচনা ও এতদসংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন হালনাগাদকরণ এবং প্রতিবেদন প্রকাশ;

৪. সার্ক সদস্য হিসাবে বাংলাদেশের দারিদ্র্য পরিস্থিতির মূল্যায়ন ও প্রতিবেদন;

৫. দারিদ্র্য এবং সামগ্রিক অর্থনৈতিক পরিস্থিতি বিশ্লেষণ;

৬. মধ্যমেয়াদী বাজেট কাঠামো (এমটিবিএফ) প্রণয়নে অংশগ্রহণ;

৭. জাতীয় দারিদ্র্য ফোকাল পয়েন্ট হিসেবে দেশের দারিদ্র্য পরিস্থিতির বিশ্লেষণ;

৮. জাতীয় সংসদের অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রশ্ন-উত্তর প্রদানের জন্য উত্তর প্রস্তুতকরণ;

৯. Foreign Direct Investment (FDI)-এর উপর অবস্থান পত্র (পজিশন পেপার) প্রণয়ন;

১০. জাতীয় সংসদের মাননীয় স্পিকার, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পরিকল্পনা মন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী ও মাননীয় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এবং মাননীয় সংসদ সদস্যবৃন্দের দেশের অভ্যন্তরে ও আন্তর্জাতিক বিভিন্ন সভা, সেমিনার, কনফারেন্সে আলোচনার সুবিধার জন্য অনুরোধক্রমে ব্রিফ/টকিং পয়েন্টস প্রস্তুতকরণ;

১১. পররাষ্ট্র মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসমূহের অনুরোধক্রমে বিভিন্ন ব্রিফ/টকিং পয়েন্টস/অবস্থান পত্র (পজিশন পেপার) প্রস্তুতকরণ;

১২. সামষ্টিক অর্থনীতির মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ;

১৩. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রণীত বিধি-বিধান, নীতি, আইন ইত্যাদির উপর মতামত প্রণয়ন ;

১৪. পঞ্চবার্ষিক পরিকল্পনা-এর আলোকে পিইসি/ ডিপিইসি/এসপিইসি/ডিএসপিইসি সভায় উত্থাপিত প্রকল্প পরীক্ষা-নিরীক্ষা করে মতামত প্রণয়ন ;

১৫. পঞ্চবার্ষিক পরিকল্পনা-এর আলোকে একনেক/এনইসি সভায় কার্যপত্রের উপর মতামত প্রণয়ন;

১৬. Women in Development/Gender সম্পর্কিত কার্যাদির উপর মতামত প্রণয়ন;

১৭. টেকসই উন্নয়ন অভীষ্ট এর বাস্তবায়ন ও পর্যালোচনার লক্ষ্যে মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়কে আহবায়ক করে গঠিত উচ্চ পর্যায়ের কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী হিসেবে টেকসই উন্নয়ন অভীষ্ট-এর লক্ষ্যসমূহের মন্ত্রণালয়/বিভাগভিত্তিক কার্যসংশ্লিষ্টতা এবং কর্মপরিকল্পনা এর প্রাথমিক খসড়া প্রণয়ন কার্যক্রম পরিচালনা করা;

১৮. সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক গৃহীত প্রকল্প বাস্তবায়ন।

## কার্যক্রম বিভাগ

পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের আওতায় কৃষি, শিল্প ও শক্তি এবং সমন্বয় অনুবিভাগ, ভৌত অনুবিভাগ, আর্থ-সামাজিক অনুবিভাগ সহ মোট ৩টি অনুবিভাগ বিদ্যামান।

### কার্যক্রম বিভাগের কার্যপরিধি

ক. বার্ষিক উন্নয়ন কর্মসূচির আকার নির্ধারণ এবং খাতওয়ারী সম্পদ বন্টন;

খ. বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়ন ও সংশোধন;

গ. বার্ষিক কারিগরী সহায়তা কর্মসূচি প্রণয়ন ও সংশোধন;

ঘ. সংশ্লিষ্ট ক্ষেত্রে এডিপি বরাদ্দ অবমুক্তকরণের বিষয় বিশ্লেষণ এবং পরামর্শ প্রদান;

ঙ. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন পর্যালোচনা;

চ. বার্ষিক উন্নয়ন কর্মসূচির জন্য বৈদেশিক সাহায্যের পরিমাণ নির্ধারণ;

ছ. বাংলাদেশ উন্নয়ন সহযোগীদের জন্য সাহায্য উপযোগী প্রকল্পসমূহের তালিকা প্রস্তুতকরণ;

জ. বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রস্তুতকরণ, সংশোধন এবং অর্থবরাদ্দ ও পুনঃ অর্থবরাদ্দ সংক্রান্ত বিষয়, আন্তঃমন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশন এর মধ্যে সমন্বয় সাধন;

ঝ. স্থানীয় সরকার উন্নয়নের জন্য গাইড লাইনস্ প্রস্তুতকরণ।

## আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ

পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ (Socio-Economic Infrastructure Division) এর আওতায় স্বাস্থ্য, পরিবারকল্যাণ, শিক্ষা, ধর্ম, সমাজকল্যাণ, শিশু ও মহিলা, গণ-সংযোগ, যুব, ক্রীড়া, সংস্কৃতি, জনপ্রশাসন, বিজ্ঞান, প্রযুক্তি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শ্রম ও কর্মসংস্থান অন্তর্ভূক্ত।

### আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের কার্যপরিধি

ক. সেক্টরের জন্য পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন এবং এডিপিতে অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রকল্প চিহ্নিত করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে সহায়তা প্রদান;

খ. বিভিন্ন উপ-খাতের অগ্রাধিকার লক্ষ্যমাত্রা নির্ধারণ ও কর্মকৌশল প্রণয়ন;

গ. মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রেরিত প্রকল্প সারপত্র বিশ্লেষণ করে প্রকল্পের বিভিন্ন অংগের ব্যয়ের যৌক্তিকতা নির্ণয় এবং প্রয়োজনে প্রকল্প সারপত্র সংশোধনের জন্য মন্ত্রণালয়কে পরামর্শ প্রদান;

ঘ. মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রেরিত প্রকল্প সারপত্র নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনলাভের উদ্দেশ্যে কার্যাবলী সম্পাদন;

ঙ. সময়ে সময়ে প্রকল্প এলাকা পরিদর্শন ও অর্জিত অগ্রগতি পরিবীক্ষণ;

চ. উন্নয়ন প্রকল্পের অর্থ ছাড়ের প্রস্তাব প্রক্রিয়াকরণ;

ছ. উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার অর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে প্রজেক্ট প্রোফাইল প্রণয়ন;

জ. আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের ৫টি উইংয়ের জাতীয় সংসদের প্রশ্নোত্তর, এডিপিভুক্ত প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা ও একনেক এর বিভিন্ন বিষয়ের সমন্বয় সাধন;

ঝ. সাহায্যপুষ্ট প্রকল্পের বাস্তবায়ন সমস্যাবলীর উপর আলোচনা ও সমাধানের পন্থা নির্ধারণ;

ঞ. বৈদেশিক সাহায্য চুক্তি ও নেগোসিয়েশন, বিভিন্ন মন্ত্রণালয়ের স্টিয়ারিং কমিটিতে প্রতিনিধিত্বকরণ;

ট. প্রাক-একনেক/আন্তঃমন্ত্রণালয়ের সভায় প্রকল্প বিবেচনার জন্য কার্যপত্র প্রণয়ন।

## কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ

কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (Agriculture, Water Resource and Rural Infrastructure Division) তিনটি উন্নয়ন খাত যথা- কৃষি, পানি সম্পদ এবং পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান-এর সমন্বয়ে গঠিত। এ বিভাগের আওতায় পল্লী প্রতিষ্ঠান ও সমন্বয় অনুবিভাগ, বন, মৎস্য ও প্রাণিসম্পদ অনুবিভাগ, ফসল অনুবিভাগ, খাদ্য ও সার মনিটরিং অনুবিভাগ, সেচ অনুবিভাগ সহ মোট ৫টি অনুবিভাগ বিদ্যমান। অত্র বিভাগের আওতায় প্রধানত কৃষি, পানিসম্পদ, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন, দুযোগ ব্যবস্থাপনা ও ত্রাণ, খাদ্য, পরিবেশ ও বন, মৎস ও প্রাণিসম্পদ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় অন্তর্ভুক্ত। কৃষি খাত ছয়টি উপখাতে বিভক্ত, যথা- ফসল, খাদ্য, মৎস , প্রাণি সম্পদ, বন ও সেচ।

### কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের কার্যপরিধি

ক. কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান খাতে অগ্রাধিকার, লক্ষ্যমাত্রা ও কর্মকৌশল নির্ণয়;
খ. উন্নয়ন প্রকল্পসমূহ পরীক্ষা-নিরীক্ষান্তে অনুমোদনের জন্য সুপারিশ প্রণয়ন;
গ. এ সব খাতের প্রকল্পের জন্য বার্ষিক/সংশোধিত উন্নয়ন কর্মসূচি ও ত্রি-বার্ষিক আবর্তক কর্মসূচি প্রণয়ন;
ঘ. দাতা/উন্নয়ন সহযোগীদের জন্য স্মারক ও সাহায্য উপযোগী প্রকল্প তালিকা প্রণয়ন;
ঙ. বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উপর প্রণীত প্রতিবেদন ও অবস্থান পত্রের উপর মতামত প্রদান;
চ. প্রাক-একনেক, আন্তঃমন্ত্রণালয় ও বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠান ও সাচিবিক সহায়তা প্রদান।

## শিল্প ও শক্তি বিভাগ

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের (Industry and Power Division) আওতায় শিল্প ও সমন্বয় অনুবিভাগ, বিদ্যুৎ অনুবিভাগ, ইঞ্জিনিয়ারিং এন্ড ইলেক্ট্রনিকস অনুবিভাগ, পাট, বস্ত্র, বেজা ও বেপজা অনুবিভাগ এবং তৈল, গ্যাস ও প্রাকৃতিক গ্যাস অনুবিভাগ সহ মোট ৫টি অনুবিভাগ বিদ্যামান। অত্র বিভাগের আওতায় প্রধানত শিল্প, বিদ্যুৎ, জ্বালানি, পাট ও বস্ত্র মন্ত্রণালয় সমূহের উন্নয়ন প্রকল্পের কাজ হয়ে থাকে।

### শিল্প ও শক্তি বিভাগের কার্যপরিধি

ক. শিল্প, বিদ্যুৎ, তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ খাতে অগ্রাধিকার, লক্ষ্যমাত্রা ও কর্মকৌশল নির্ণয়;
খ. উন্নয়ন প্রকল্পসমূহ পরীক্ষা-নিরীক্ষান্তে অনুমোদনের জন্য সুপারিশ প্রণয়ন;
গ. এসব খাতের প্রকল্পের জন্য বার্ষিক/সংশোধিত উন্নয়ন কর্মসূচি ও ত্রি-বার্ষিক আবর্তক কর্মসূচি প্রণয়ন;
ঘ. সরাসরি বৈদেশিক বিনিয়োগ ও বেসরকারী বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে উন্নয়ন নীতিমালা পরিকল্পনা ও কর্মসূচি প্রণয়ন;
ঙ. এসব খাতের বিভিন্ন উপ-খাতের তুলনামূলক সুবিধা চিহ্নিতকরণ;
চ. দাতা/উন্নয়ন সহযোগীদের জন্য স্মারক ও সাহায্য উপযোগী প্রকল্প তালিকা প্রণয়ন;
ছ. বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উপর প্রণীত প্রতিবেদন/অবস্থান পত্রের উপর মতামত প্রদান;
জ. প্রাক-একনেক, আন্তঃমন্ত্রণালয় ও বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠান ও সাচিবিক সহায়তা প্রদান।

# ভৌত অবকাঠামো বিভাগ

পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের আওতায় ২০টি মন্ত্রণালয়/বিভাগের (গৃহায়ন ও গণপূর্ত, স্থানীয় সরকার, মুক্তিযুদ্ধ বিষয়ক, ভূমি, বেসামারিক বিমান চলাচল ও পর্যটন, স্বরাষ্ট্র, রেলপথ, সড়ক পরিবহন ও সেতু, আইন বিচার ও সংসদ বিষয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন, ডাক ও টেলিযোগাযোগ, নৌ পরিবহন, অর্থ, পররাষ্ট্র, প্রতিরক্ষা, অভ্যন্তরীণ সম্পদ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক, বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়, পরিকল্পনা) উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত হয়ে থাকে।

## ভৌত অবকাঠামো বিভাগের কার্যপরিধি

ক) উপরে উল্লিখিত ২০টি মন্ত্রণালয়/বিভাগের আনুসংগিক অবকাঠামো খাতের স্বল্প, মাধ্যম,পঞ্চবার্ষিক ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন;

খ) পার্বত্য চট্রগ্রাম উন্নয়ন সেল স্থাপন এবং অগ্রাধিকার ভিত্তিতে উন্নয়ন প্রকল্প প্রকল্পসমুহের অনুমোদন প্রক্রিয়াকরণ;

গ) এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহ বিভিন্ন পর্যায়ে পরীক্ষা-নিরীক্ষান্তে অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ;

ঘ) উন্নয়ন প্রকল্পের জন্য বার্ষিক ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও ত্রি-বার্ষিক আবর্তক কর্মসূচি প্রণয়ন;

ঙ) প্রাক-একনেক, আন্তঃমন্ত্রণালয় ও বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠান ও সাচিবিক সহায়তা প্রদান;

চ) অবকাঠামো উন্নয়নসহ অন্যান্য প্রয়োজনীয় বিষয়াদির ব্যাপারে প্রয়োজনীয় গবেষণা পরিচালনা;

ছ) ভৌত অবকাঠামো বিভাগের প্রকল্পসমূহের অগ্রাধিকার ও লক্ষ্যমাত্রা নির্ধারণ, কর্মকৌশল নির্ধারণ;

জ) বিভিন্ন দাতা/উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক প্রণীত প্রকল্প দলিল এর উপর মতামত প্রদান;

ঝ) জাতীয় অর্থনৈতিক পরিষদ, জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভার কার্যপত্র প্রণয়ন;

ঞ) উন্নয়ন প্রকল্পের স্থানীয় সম্পদের সুষম বন্টন, উপযোজন ও অর্থ ছাড়করণের ব্যবস্থা গ্রহণ; এবং

ট) কাউন্সিল কমিটিসহ মন্ত্রিপরিষদের ক্রয় সংক্রান্ত সভার কার্যপত্রের উপর মতামত প্রদানসহ জাতীয় ও মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে বিভিন্ন কমিটিতে সদস্য হিসেবে অশংগ্রহণ।